



প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোমবার তার কার্যালয়ে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের পাঠ্যবইয়ের ওয়েবসাইট উদ্বোধন করেন -পিআইটি

পাঠ্যবইয়ের ওয়েবসাইট উদ্বোধন ডিজিটাল দেশ গড়তে সরকার কাজ করছে: প্রধানমন্ত্রী

বাসস

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য পাঠ্যবইয়ের ওয়েবসাইট আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেছেন। এর মধ্য দিয়ে পাঠ্যবই সহজে পাওয়ার ক্ষেত্রে এসব শিক্ষার্থীর জন্য এক নতুন জানালা উন্মুক্ত হলো। ওয়েবসাইট: www.nctb.gov.bd

প্রধানমন্ত্রীর কার্যালয়ে সোমবার এ ওয়েবসাইট উদ্বোধনকালে শেখ হাসিনা বলেন, নির্বাচনী ইশতেহার অনুযায়ী বাংলাদেশকে ডিজিটাল দেশে পরিণত করতে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, কুল শিক্ষার্থীদের জন্য নতুন এ ওয়েবসাইট উদ্বোধন ডিজিটাল বাংলাদেশ গঠনে সরকারের এগিয়ে যাওয়ার ক্ষেত্রে আগ্রহে একটি মাইলফলক।

তিনি বলেন, দেশ-বিদেশের শিক্ষার্থী, যারা জাতীয় পাঠ্যক্রমে পড়াশোনা করছে, তারা এ ওয়েবসাইটের মাধ্যমে ইন্টারনেট থেকে খুব সহজেই তাদের প্রয়োজনীয় পাঠ্যবই পেয়ে যাবে। এছাড়া প্রধানমন্ত্রী বলেন, প্রতিবছর পাঠ্যবইয়ের স্বল্পতা এবং বই বিতরণের

কাজ: পৃষ্ঠা ১৫ কলাম ৪

কাজ : করছে

(শেখ পৃষ্ঠার পর)

অব্যবস্থাপনার স্থায়ী সমাধানও করবে এ ওয়েবসাইট। বাংলাদেশ ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকীর এদিনে ওয়েবসাইট উদ্বোধনে সন্তোষ প্রকাশ করে শেখ হাসিনা বলেন, এটি একটি জংপর্ণনয় যোগসূত্র, কারণ সবচেয়ে প্রাচীন এ ছাত্র সংগঠনের মূল অঙ্গীষ্ট হলো শিক্ষা, শান্তি ও প্রগতি।

তিনি বাংলাদেশ ছাত্রলীগের কর্মী হিসেবে তার ছাত্র-সামাজিক জীবন এবং সব গণতান্ত্রিক আন্দোলন, স্বাধীনতা যুদ্ধ ও মানুষের অধিকার প্রতিষ্ঠায় সংগঠনটির প্রধান ভূমিকার কথা স্মরণ করেন।

বাংলাদেশ আওয়ামী লীগের আগেই বাংলাদেশ ছাত্রলীগ প্রতিষ্ঠিত হয়েছিল উল্লেখ করে শেখ হাসিনা বলেন, দেশের সব অধিকার অর্জনে ছাত্রের জ্বলন্ত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ছাত্রলীগের ভূমিকা একে অন্যের সঙ্গে নিবিড়ভাবে সম্পর্কিত।

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ডা. আফসারুল আমিন, প্রধানমন্ত্রীর উপদেষ্টা ড. ভৌমিক-ই-এলাহী চৌধুরী, প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোতাহার হোসেন, প্রধানমন্ত্রীর সূচ্য সচিব এম এ করিম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মোস্তাফিজুল ইসলাম, শিক্ষা সচিব সৈয়দ আজউর রহমান এবং প্রধানমন্ত্রীর প্রেস সচিব আবুল কালাম আজাদ এ সময় উপস্থিত ছিলেন।

সরকার সব ক্ষেত্রেই সফল

এক বছরে মহাভোট সরকার সব ক্ষেত্রেই সফল হয়েছে বলে মনে করছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

তিনি বলেন, আমরা সব ক্ষেত্রেই সফল। বার্বতা শুধু এক ক্ষেত্রে, তা হলো- আমরা লুটপাট ও মানুষ হত্যা করতে পারিনি। আমরা দুর্নীতি অপর প্রতিষ্ঠান ধ্বংস করতে পারিনি।

পার্বত্য তিন জেলায় সরকারি মালিকানাধীন মোবাইল ফোন সেবাদানকারী প্রতিষ্ঠান টেলিটকের নেটওয়ার্ক উদ্বোধনের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন বলে জানিয়েছেন তার প্রেস সেক্রেটারি আবুল কালাম আজাদ। প্রধানমন্ত্রী তার কার্যালয় থেকে টেলিফোনে ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী রাফিকুল ইসলাম আহমেদ রাজুর সঙ্গে কান্ডরবানের লামায় টেলিটকের মোবাইল ফোনে কথা বলেন।

আবুল কালাম আজাদ বলেন, শেখ হাসিনা এ সময় পার্বত্য জেলার জনগণকে অভিনন্দন জানিয়ে বলেন- পার্বত্য জেলার জনগণ অনেকদিন ধরেই অবহেলিত ছিল। তাদের কথা চিন্তা করেই আওয়ামী লীগ এর আগে ক্ষমতায় এসে পার্বত্য শান্তিচুক্তি করেছিল। পার্বত্য জেলাগুলোর উন্নয়নের জন্যই এ চুক্তি করা হয়।

প্রধানমন্ত্রী বলেন, পার্বত্য জেলাগুলোর উন্নয়নে সরকার বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে। এখন সেগুলো বাস্তবায়ন করা হচ্ছে। অল্প সময়ের মধ্যেই পার্বত্য অঞ্চলের ল্যান্ডফোনগুলোকে ডিজিটাল করা হবে।